



নবীনদের স্বাগত জানাল এনএসইউ

নর্থ সাউথ ইউনিভার্সিটি সামার সেমিস্টার-২০২৪ ওরিয়েন্টেশন অনুষ্ঠানের আয়োজন করেছে। নবীন শিক্ষার্থীদের জন্য এই সেমিস্টারভিত্তিক ওরিয়েন্টেশন প্রোগ্রাম উল্লেখযোগ্য একটি অনুষ্ঠান। এই অনুষ্ঠানের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সংস্কৃতি এবং একাডেমিক পদ্ধতির সঙ্গে নবীন শিক্ষার্থীদের পরিচয় করিয়ে দেওয়া হয়।

ওরিয়েন্টেশন অনুষ্ঠানে স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষায় অসাধারণ ফলাফলের জন্য ১৮ জনকে শতভাগ মেধাবৃত্তি প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দ্য ডেইলি অবজারভারের সম্পাদক ইকবাল সোবহান চৌধুরী, সম্মানিত অতিথি ছিলেন- এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান জাভেদ মুনির আহমেদ। বিশেষ অতিথি ছিলেন- এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের সদস্য মিসেস শীমা আহমেদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন- এনএসইউ কোষাধ্যক্ষ ও উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক আবদুর রব খান।

পবিত্র কোরআন তেলাওয়াত ও জাতীয় সঙ্গীতের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়, এরপর এনএসইউ'র ইতিহাস, লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়।

এনএসইউ'র রেজিস্ট্রার ড. আহমেদ তাজমীন নতুন ব্যাচের শিক্ষার্থীদের উদ্দেশে স্বাগত বক্তব্য রাখেন।

স্কুল অব হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্সেসের ডিন অধ্যাপক এসকে তৌফিক এম-হক, স্কুল অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ফিজিক্যাল সায়েন্সেসের ডিন অধ্যাপক শাহাদত হোসেন খান, স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনমিকসের ডিন অধ্যাপক হেলাল আহমেদ এবং স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সায়েন্সেসের ডিন অধ্যাপক দীপক কুমার মিত্র শিক্ষার্থীদের কাছে নিজ নিজ স্কুলের পরিচয় তুলে ধরেন।

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক সংগঠন সানজিদা মাহমুদ নন্দিতা ও ঋতুরাজের মনোমুগ্ধকর সাংস্কৃতিক পরিবেশনার মধ্য দিয়ে অনুষ্ঠান শেষ হয়। সংবাদ বিজ্ঞপ্তি